



## দি ইনস্টিটিউট অব ব্যাংকার্স, বাংলাদেশ (আইবিবি)

ডিআর টাওয়ার (১৩ তলা)  
৬৫/২/২ বীর প্রতীক গাজী গোলাম দস্তগীর সড়ক  
(বক্স কালভার্ট রোড), পুরানা পল্টন, ঢাকা-১০০০।

ফোন : +৮৮-০২-৫৫১১২৮৫৭-৬০  
ফ্যাক্স : +৮৮-০২-৫৫১১২৮৫৬  
ই-মেইল : [ibb.diploma@gmail.com](mailto:ibb.diploma@gmail.com)  
ওয়েব-সাইট : [www.ibb.org.bd](http://www.ibb.org.bd)

### নকল প্রবণতা রোধ বিষয়ে আইবিবি'র সিলেবাস ও পরীক্ষা কমিটির সিদ্ধান্ত অবহিতকরণ সংক্রান্ত বিজ্ঞপ্তি।

আগামী ২৯ শে জুলাই এবং ৫ ও ১২ আগস্ট ২০২২ তারিখে অনুষ্ঠিতব্য ৯৪তম ব্যাংকিং ডিপ্লোমা পরীক্ষায় অংশগ্রহণেচ্ছু সকল পরীক্ষার্থীর অবগতির জন্য জানানো যাচ্ছে যে, পরীক্ষার হলে মোবাইল ফোন, যেকোনো ধরনের ইলেকট্রনিক্স ডিভাইস, বই, খাতা এবং পরীক্ষা পরিপত্রী কোন সামগ্রী নিয়ে প্রবেশ সম্পূর্ণভাবে নিষিদ্ধ।

পরীক্ষা চলাকালীন সময়ে কোন পরীক্ষার্থীর নিকট মোবাইল ফোন, যেকোনো ধরনের ইলেকট্রনিক্স ডিভাইস, বই, খাতা এবং পরীক্ষা পরিপত্রী যে কোন সামগ্রী পাওয়া গেলে তার উত্তরপত্র বাতিলপূর্বক তাঁকে পরীক্ষা থেকে বহিষ্কার করা হবে।

এ বিষয়ে ইনস্টিটিউটের বিগত ২৫-০৫-২০২২ তারিখে অনুষ্ঠিত ২১৩তম সিলেবাস ও পরীক্ষা কমিটির সভায় এই মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়,

**“যে সকল পরীক্ষার্থী ব্যাংকিং ডিপ্লোমা পরীক্ষায় অসদুপায় অবলম্বনের দায়ে শাস্তি প্রাপ্ত হবেন, সে সকল পরীক্ষার্থীদের ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানকে তাদের ন্যূনতম তিরস্কারসহ প্রশাসনিক ব্যবস্থা গ্রহণের জন্য পত্র দেওয়া হবে।”**

উপরোক্ত সিদ্ধান্তের কথা বিবেচনা করে সকল পরীক্ষার্থীদেরকে সম্পূর্ণভাবে নকল মুক্ত পরিবেশে পরীক্ষায় অংশ গ্রহণের পরামর্শ দেওয়া হলো।

মহাসচিব